

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রাজশাহী বিভাগ, রাজশাহী
(মাঠ প্রশাসন শাখা)
www.rajshahidiv.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.০০০০.০১৪.০১.০০৫.২১.২০২


তারিখ : ১৪/০১/২০২১ খ্রি.

বিষয় : নৈমিত্তিক ছুটি এবং কর্মস্থল ত্যাগের অনুমতির আবেদন ই-মেইলে প্রেরণ


সূত্র : বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য 'কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি' এর কর্মসম্পাদন সূচক এম- ২.৩.১

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০-২১ এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য 'কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি' এর কর্মসম্পাদন সূচক এম- ২.৩.১ এ একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়নের বিষয়টি অন্তর্ভুক্ত আছে। গত ০৫/০১/২০২১ তারিখে এ কার্যালয়ের এপিএ টিমের মাসিক সভায় একটি সেবা সহজিকরণের বিষয়ে আলোচনা করা হয়। এ বিভাগের জেলা প্রশাসকগণের নৈমিত্তিক ছুটি এবং কর্মস্থল ত্যাগের অনুমতির আবেদন নিষ্পত্তি করার বিষয়টিকে একটি সেবা সহজিকরণের আওতায় আনার সিদ্ধান্ত গৃহীত হয়। সেবাটি নিম্নোক্ত বর্তমান প্রসেস ম্যাপ এর পরিবর্তে প্রস্তাবিত প্রসেস ম্যাপ অনুযায়ী নিষ্পত্তি হবে।

বর্তমান প্রসেস ম্যাপ



প্রস্তাবিত প্রসেস ম্যাপ



এমতাবস্থায় উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত জেলা প্রশাসকগণের নৈমিত্তিক ছুটি এবং কর্মস্থল ত্যাগের অনুমতির আবেদন আবশ্যিকভাবে ই-মেইলে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, জেলা প্রশাসকগণের নৈমিত্তিক ছুটি এবং কর্মস্থল ত্যাগের অনুমতির আবেদন ই-মেইল ছাড়া অন্য কোন মাধ্যমে গ্রহণ ও নিষ্পত্তি করা হবেনা।

Handwritten signature and date: 28.08.2020

জেলা প্রশাসক... ..(সকল), রাজশাহী বিভাগ

মোঃ হুমায়ুন কবীর খোন্দকার
বিভাগীয় কমিশনার
রাজশাহী

ফোন : ০৭২১-৭৭২২৩৩ (অফিস)
e-mail:divcomrajshahi@mopa.gov.bd

অনুলিপি(জ্ঞাতার্থে):
সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও সমন্বয়) শাখা
মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা